ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৫৫৩

সোনামুড়া, ২৭ আগস্ট, ২০২৫

## ২৯ আগস্ট সিপাহীজলা জেলা ভিত্তিক কলা উৎসব

নলছড় কমিউনিটি হলে আগামী ২৯ আগস্ট সিপাহীজলা জেলাভিত্তিক কলা উৎসব অনুষ্ঠিত হবে। নলছড় উচ্চ বিদ্যালয়ের উদ্যোগে এবং জেলা শিক্ষা কার্যালয়ের সহায়তায় সকাল ১০ টায় অনুষ্ঠানের উদ্বোধন করবেন উচ্চ শিক্ষা মন্ত্রী কিশোর বর্মন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত এবং বিশেষ অতিথি হিসাবে নলছড় ব্লক পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান স্বপন কুমার দাস উপস্থিত থাকবেন। এছাড়া সম্মানীত অতিথি হিসেবে নলছড় ব্লক পঞ্চায়েত সমিতির এডুকেশন স্ট্যান্ডিং কমিটির প্রেসিডেন্ট আলপনা দাস সহ অন্যান্য বিশিষ্টজনেরা উপস্থিত থাকবেন। সভাপতিত্ব করবেন সিপাহীজলা জেলা শিক্ষা আধিকারিক কনিকা দেববর্মা।

*****